গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক বিভাগ, পঞ্চগড়
সিটিজেন চার্টার

ক্রঃ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
১	সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন সাময়িক অব্যবহৃত ভূমি অস্থায়ী ভিত্তিতে ইজারার অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণ।	ক) সংশ্লিষ্ট জোনের প্রস্তাবের প্রেক্ষিতে খ) সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা ২০১৫ অনুসরণপূর্বক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ গ) পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট জোনকে অবহিত করা	ক) ব্যক্তি/প্রতিষ্ঠানের ইজারা প্রাপ্তির আবেদনপত্র খ) সওজ অধিদপ্তরের সুপারিশসহ প্রস্তাব গ) ভূমির তফসিল ঘ) স্কেচ ম্যাপ ও নক্সা	বিনামূল্যে	১০ কার্যদিবস	১) নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক বিভাগ
২	সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ভূমি ও স্থাপনায় অস্থায়ী ভিত্তিতে বিজ্ঞাপন, বিলবোর্ড, ভাস্কর্য, স্মৃতিস্মারক ইত্যাদি স্থাপনের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ।	ক) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর প্রস্তাবের প্রেক্ষিতে খ) সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা ২০১৫ মোতাবেক নিষ্পত্তির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ গ) পত্রের মাধ্যেমে সংশ্লিষ্ট জোনকে অবহিত করা	ক) আবেদনসহ প্রস্তাব খ) বিলবোর্ডের অবস্থান, আকার, স্থাপনের উচ্চতা, দূরত্ব এবং সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কাঠামোর ডিজাইন	বিনামূল্যে	৭ কার্যদিবস	১) নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক বিভাগ
৩	সরঞ্জাম/যন্ত্রপাতি ভাড়ায় প্রদান	সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সরঞ্জাম/যন্ত্রপাতি ভাড়ায় ব্যবহারের জন্য সাধারণ জনগণ আবেদন করলে সরঞ্জাম/যন্ত্রপাতির প্রাপ্যতা ও প্রত্যাশী ব্যক্তি/সংস্থার উপযুক্ততা যাচাই করা হয়। যাচাই এ সঠিক তথ্য পাওয়া গেলে আবেদনকারীকে সরকারী নির্ধারিত হারে ফি জমা দিতে বলা হয়। অতঃপর উপ-বিভাগীয় প্রকৌশলীর মাধ্যমে সরঞ্জাম/যন্ত্রপাতি আবেদনকারীকে বুঝিয়ে দেওয়া হয়।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সওজ এর নীতিমালা/সার্কুলার মোতাবেক।	সরঞ্জাম/যন্ত্রপাতির ধরন অনুযায়ী ৩,০০০ টাকা থেকে ১০,০০০ টাকা পর্যন্ত।	৩-৫ কার্যদিবস	১) নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সরঞ্জাম নিয়ন্ত্রণ বিভাগ
৪	উৎসে কর কর্তন প্রত্যয়নপত্র প্রদান	নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়ের অন্তর্গত উন্নয়নমূলক কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট উৎসে কর কর্তন প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়ে আবেদন করতে হয়। প্রয়োজনীয় যাচাই-বাছাই করে উৎসে কর কর্তন প্রত্যয়নপত্র প্রদান করা হয়।	প্রধান প্রকৌশলী, সওজ কর্তৃক সময়ে সময়ে জারি করা অফিস আদেশ।	বিনামূল্যে	৬-৭ কার্যদিবস	ক) নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক বিভাগ খ) বিভাগীয় হিসাবরক্ষক সংশ্লিষ্ট সড়ক বিভাগ
৫	সিএনজি ফিলিং স্টেশন ও পেট্রোল পাম্প স্থাপন এবং আবাসিক/বানিজ্যিক প্রতিষ্ঠানের প্রবেশপথের অনুমতি প্রদান।	সংশ্লিষ্ট প্রত্যাশী ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রয়োজনীয় দলিলপত্রসহ আবেদনের প্রেক্ষিতে প্রবেশপথের জায়গা পরিদর্শন করে বিস্তারিত নকশা প্রণয়ন করা হয়। সড়ক নিরাপত্তাসহ সম্ভাব্য সামাজিক সমস্যার বিষয়াদি বিবেচনা করে বিস্তারিত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর নির্ধারিত ফি জমা প্রদান সাপেক্ষে প্রবেশ পথের অস্থায়ী অনুমতি প্রদান করা হয়।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সওজ এর নীতিমালা।	কাজের প্রকৃতি এবং পরিমাণের উপর ভিত্তি করে নির্ধারিত পরিমাণ।	৩০-৪০ কার্যদিবস	১) নির্বাহী প্রকৌশলী, সওজ ল্যান্ড রেকর্ড এন্ড একুইজিশন বিভাগ ফোনঃ ০১৭৩০৭৮২৫১৩ email: eelra@rhd.gov.bd

ক্রঃ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
৬	সামাজিক বনায়ন ও মৎস্য চাষের জন্য জমি লিজ প্রদান	সামাজিক বনায়ন ও মৎস্য চাষের জন্য সড়ক ও মহাসড়কের পার্শ্বের সওজ মালিকানাধীন সরকারী অব্যবহৃত জমি স্বল্প ও দীর্ঘমেয়াদে ব্যক্তি বা সামাজিক প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে লিজ প্রদান করা হয়। সড়ক নিরাপত্তাসহ সম্ভাব্য সামাজিক সমস্যার বিষয়াদি বিবেচনা করে বিস্তারিত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয়ে অনুমোদন প্রাপ্তির পর নির্ধারিত ফি জমা প্রদানসাপেক্ষে অস্থায়ী লিজ প্রদান করা হয়।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সওজ এর নীতিমালা।	জমির পরিমাণ ও ব্যবহারের ধরণের উপর নির্ভর করে সরকার নির্ধারিত হার।	৩০-৪০ কার্যদিবস	১) মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ২) নির্বাহী প্রকৌশলী, সওজ, ল্যান্ড রেকর্ড এন্ড একুইজিশন বিভাগ ফোনঃ ০১৭৩০৭৮২৫১৩ email: eelra@rhd.gov.bd
৭	সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ প্রদান	নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়ের অন্তর্গত উন্নয়নমূলক কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার কৃত কাজের অভিজ্ঞতার সনদ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়ে আবেদন করতে হয়। প্রয়োজনীয় যাচাই-বাছাই করে অভিজ্ঞাতার সনদ প্রদান করা হয়।	সওজ এর নীতিমালা	বিনামূল্যে	৫-৬ কার্যদিবস	১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট জোন ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট সড়ক সার্কেল ৩) নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট সড়ক বিভাগ
৮	সওজ এর কার্যক্রম সম্পর্কে তথ্য প্রদান	কোন উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে তথ্য অধিকার আইনের আলোকে প্রকাশযোগ্য তথ্য প্রদান করা হয়ে থাকে।	তথ্য অধিকার আইন-২০০৯	তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধান মতে	১০-১২ কার্যদিবস	১) তথ্য অধিকার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এম আই এস এন্ড এস্টেস সার্কেল ফোনঃ ০১৭৩০৭৮২৫১২ email: semis@rhd.gov.bd ২) নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক বিভাগ
৯	সওজ এর সড়ক কাটার অনুমতি প্রদান	সংশ্লিষ্ট প্রত্যাশী ব্যক্তি বা সংস্থা কর্তৃক আবেদনের প্রেক্ষিতে বিস্তারিত নকশা প্রণয়ন ও যাচাই বাছাই শেষে সওজ এর রেট শিডিউল মোতাবেক কর্তনকৃত সড়ক পূর্বাবস্থায় ফিরিয়ে আনার ব্যয়ের উপর ভিত্তি করে ফি নির্ধারণ করা হয়। ফি পরিশোধ সাপেক্ষে অনুমতি প্রদান করা হয়ে থাকে।	সওজ এর রেট শিডিউল	কাজের প্রকৃতি এবং পরিমাণের উপর ভিত্তি করে নির্ধারিত পরিমাণ।	১৫ কার্যদিবস	১) নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক বিভাগ
১০	ঠিকাদার/সরবরাহকারী নিবন্ধন	প্রতিবছরে নির্ধারিত হারে আবেদন করবেন। প্রয়োজনীয় কাগজপত্র এবং তথ্য যাচাই বাছাই করে নিবন্ধন প্রদান বা নবায়ন করা হয়ে থাকে।	সওজ এর নীতিমালা	ঠিকাদার ক্যাটাগরির উপর ভিত্তি করে নির্ধারিত পরিমাণ।	৭-৮ কার্যদিবস	১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট জোন ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ সংশ্লিষ্ট সড়ক সার্কেল